শ্রীকৃষ্ণ জন্মভূমি নিয়ে মামলা

শ্রীকৃষ্ণ জন্মভূমি নিয়ে ফের মামলা দায়ের হল মথুরা জেলা আদালতে। উত্তরপ্রদেশ সুন্নি ওয়াকফ বোর্ড, মসজিদ ইদগাহ ট্রাস্ট, শ্রীকৃষ্ণ জন্মস্থান ট্রাস্ট এবং শ্রীকৃষ্ণ জন্মভূমি সেবা সংঘকে নোটিশ পাঠানো হয়েছে।

অপুষ্টির বিরুদ্ধে লড়াইয়ের ডাক প্রধানমন্ত্রীর

কোভিড পরিস্থিতিতে ৮০ কোটি মানুষকে বিনামূল্যে র‍্যাশন দিয়েছে ভারত

নয়াদিল্লি, ১৬ অক্টোবর : করোনা সংক্রমণ চলাকালীন দেশের প্রায় ৮০ কোটি মানুষের জন্য নিখরচায় র‍্যাশনের ব্যবস্থা করা হয়েছে বলে নরেন্দ্র মোদির দাবি। প্রধানমন্ত্রী জানিয়েছেন, গত ৭-৮ মাসে র‍্যাশন দিতে সরকারের খরচ হয়েছে প্রায় দেড় লক্ষ কোটি টাকা। শুক্রবার রাষ্ট্রসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও)-র ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে এই মন্তব্য করেন তিনি। এই অনুষ্ঠানে ভারত সরকারের তরফে একটি ৭৫ টাকার স্মারক কয়েন প্রকাশ করা হয়। তাঁর ভাষণে করোনা সংকট চলাকালীন প্রান্তীয় শ্রেণির কাছে পুষ্টিকর খাবার পৌঁছে দেওয়ার ওপর গুরুত্ব দেন মোদি। তিনি বলেন, কৃষক, অঙ্গনওয়াড়ি কর্মী, বিজ্ঞানী ও আশাকর্মীদের সাহায্যে ভারত করোনা পরিস্থিতির মধ্যেও অপুষ্টির বিরুদ্ধে লড়াই চালিয়ে যাচ্ছে। তাঁরাই দেশের গুদামগুলি শস্যে ভরিয়ে তুলেছেন। শস্য উৎপাদন থেকে শুরু করে ভারতের প্রতিটি প্রান্তে তা পৌঁছে দেওয়ার ক্ষেত্রে উক্ত শ্রেণিগুলির গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। তাঁরাই হলেন অপুষ্টির বিরুদ্ধে আন্দোলনের ভিত্তি। সম্প্রতি বিভিন্ন অনুষ্ঠানে পূর্বতন সরকারের সঙ্গে তাঁর আমলের তুলনা টানছেন মোদি। এদিনও তার ব্যতিক্রম হয়নি। প্রধানমন্ত্রী বলেন, '২০১৪'র পর খাদ্যবণ্টন ব্যবস্থাকে ঢেলে সাজানো হয়েছে। এজন্য বহুমাত্রিক পদক্ষেপ করা হচ্ছে। ভারত সরকার ক্ষুদ্র কৃষকদের আগের চেয়ে বেশি করে সাহায্য করার নীতি নিয়েছে। সরকার ফসলের যে ন্যূনতম সহায়কমূল্য স্থির করে দিয়েছে তা মূল খরচের দেড়গুণ।'

এবছর নোবেল শান্তি পুরস্কার জিতেছে এফএও। এজন্য রাষ্ট্রসংঘের অধীন সংস্থাটিকে শুভেচ্ছা জানান প্রধানমন্ত্রী। ২০২৩-কে আন্তর্জাতিক বাজরা দিবস হিসাবে স্বীকৃতি দিতে রাষ্ট্রসংঘকে প্রস্তাব দিয়েছিল ভারত। আন্তর্জাতিক সংগঠনটি সেই প্রস্তাব মেনে নেওয়ায় ধন্যবাদ জানান মোদি। তিনি বলেন, অপুষ্টি, রক্তাল্পতা ও শিশুদের জন্মের সময় কম ওজনের মতো অপুষ্টিজনিত শারীরিক সমস্যা দূর করতে পোষণ অভিযান শুরু হয়েছে। ১০ কোটি মানুষকে এই প্রকল্পের আওতায় আনার পরিকল্পনা রয়েছে। বিশ্বে প্রায় ২০০ কোটি মানুষ অপুষ্টিজনিত সমস্যায় ভোগেন। শিশুমৃত্যুর প্রায় ৪৫ শতাংশ অপুষ্টির দরুন ঘটে থাকে। প্রধানমন্ত্রী জানান, অপুষ্টির বিরুদ্ধে লড়াইয়ে খাদ্য উৎপাদন ব্যবস্থাকে ঢেলে সাজানো হচ্ছে। ভারতে বিপুল পরিমাণে উৎপাদন হয়, এমন ৮টি শস্যের ১৭টি নতুন প্রজাতি তৈরি করা হয়েছে। এগুলিতে পুষ্টি উপাদান স্বাভাবিকের চেয়ে ৩ গুণ বেশি। ভারতীয়দের খাবার থালিকে পুষ্টি থালিতে পরিণত করতে এই উদ্যোগ নেওয়া হয়েছে বলে তিনি জানিয়েছেন।

রাষ্ট্রসংঘের খাদ্য ও কৃষি সংস্থার ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানে বক্তৃতা দিচ্ছেন প্রধানমন্ত্রী। – পিটিআই

বাণিজ্য সংবাদ

বিশ্ব অর্থনীতিতে শীর্ষে চিন

ওয়াশিংটন, ১৬ অক্টোবর : কারও সর্বনাশ, কারও বা পৌষ মাস। করোনা মহামারির ধাক্কায় গোটা বিশ্বের অর্থনীতি ধুঁকলেও, চিন কিন্তু ফায়দা তুলেছে। করোনার জেরে বেশিরভাগ দেশের অর্থনৈতিক বৃদ্ধির হার ও মোট জাতীয় উৎপাদন কমে গিয়েছে। একেবারে উলটো পরিস্থিতি চিনে। করোনার আঁতুড় হওয়া সত্ত্বেও শি জিনপিংয়ের দেশ করোনার অভিঘাত সামলে ঘুরে দাঁড়িয়েছে। আন্তর্জাতিক অর্থ ভাণ্ডার (আইএমএফ)-এর সমীক্ষায় বলা হয়েছে, আগামীদিনে চিনের অর্থনীতি দ্রুতগতিতে বাড়বে এবং একসময় আমেরিকাকে টপকে বিশ্বের এক নম্বর অর্থনীতির দেশ হয়ে উঠতে পারে।

পূর্বাভাস আইএমএফের

আইএমএফের সমীক্ষা অনুযায়ী, ২০২১ সালে বিশ্ব অর্থনীতিতে যে আর্থিক বৃদ্ধি হবে, তার ২৬.৮ শতাংশ হতে পারে চিনের। ২০২৫ সালে সেটা বেড়ে হতে পারে ২৭.৭ শতাংশ। তবে সমীক্ষায় একথাও জানানো হয়েছে যে, আগামীদিনে বিশ্ব অর্থনীতিতে উল্লেখযোগ্য প্রভাব বাড়বে ভারত, জার্মানি ও ইন্দোনেশিয়ার। বর্তমানে ক্রয়ক্ষমতার নিরিখে বিশ্ব অর্থনীতিতে আমেরিকার অবদান ২৩ শতাংশের বেশি। চিনের অবদান ১৫.৫ শতাংশের মতো। ২০২৫ সালে চিনের সেই অবদান বেড়ে হতে পারে ২৭.৭ শতাংশ। আমেরিকার অবদান নেমে যেতে পারে ১০.৪ শতাংশে। ১৩ শতাংশ অবদান নিয়ে তালিকায় দ্বিতীয় স্থানে থাকতে পারে ভারত।

গ্যাস পেতে লাগবে ওটিপি

নয়াদিল্লি, ১৬ অক্টোবর : আগামী মাস থেকে রান্নার গ্যাস পাওয়ার নিয়ম বদলে যাচ্ছে। ১ নভেম্বর থেকে রান্নার গ্যাস পেতে গেলে একটি ওটিপি বা ওয়ান টাইম পাসওয়ার্ড দিতে হবে। সিলিন্ডার চুরি এবং প্রকৃত গ্রাহকের হাতেই যাতে রান্নার গ্যাসের সিলিন্ডার পৌঁছোয় সেজন্য এই ব্যবস্থা করছে রাষ্ট্রায়ত্ত তেল সংস্থাগুলি। নতুন ব্যবস্থার নাম দেওয়া হয়েছে ডেলিভারি অথেন্টিকেশন কোড বা ডিএসি। প্রাথমিকভাবে ঠিক হয়েছে, ১০০টি স্মার্টসিটিতে সর্বপ্রথম এলপিজি সিলিন্ডার সরবরাহের ক্ষেত্রে ওটিপি ব্যবস্থা চালু করা হবে। ইতিমধ্যে রাজস্থানের জয়পুরে পরীক্ষামূলকভাবে এই ব্যবস্থা চালু করা হয়েছে। নয়া ব্যবস্থায় রান্নার গ্যাস সিলিন্ডার বুক করার পর গ্রাহকের নথিভুক্ত মোবাইল নম্বরে একটি কোড আসবে। সিলিন্ডার সরবরাহের সময় ওই কোডটি দেখাতে হবে গ্রাহককে। এর ফলে গ্রাহকের ঠিকানা, মোবাইল নম্বর সঠিকভাবে দিতে হবে রাষ্ট্রায়ত্ত তেল সংস্থাগুলিকে।

টয়োটা সওয়ার পোপ

টোকিও, ১৬ অক্টোবর : পোপ ফ্রান্সিসের নতুন বাহন হতে চলেছে টয়োটা মিরাই। জাপানি গাড়ি নির্মাতা সংস্থা টয়োটার তৈরি মিরাই মডেলের গাড়িটি হাইড্রোজেন চালিত। ক্যাথোলিক ধর্মগুরুর যাতায়াতের সুবিধার কথা ভেবে গাড়িটি বিশেষভাবে তৈরি করা হয়েছে। কিছুদিন আগে টয়োটার তরফে এই গাড়ি ক্যাথোলিক বিশপস কনফারেন্স অফ জাপান (সিবিসিজে)-কে দেওয়া হয়েছিল। সিবিসিজে গাড়িটি পোপকে উপহার হিসাবে দিয়েছে। সম্প্রতি সোশ্যাল মিডিয়ায় গাড়ির একাধিক ছবি ভাইরাল হয়েছে। ১৬.৭ ফুট দীর্ঘ ও ৮.৮ ফুট প্রস্থ গাড়িতে একটি স্বচ্ছ ছাদ আছে। পোপের দাঁড়ানোর জন্য গাড়ির বেশ কিছুটা অংশ খোলা রাখা হয়েছে। পরিবেশবান্ধব গাড়িটি একবার জ্বালানি ভরে প্রায় ৫০০ কিলোমিটার পথ পাড়ি দিতে পারে।

ধার করে জিএসটি ক্ষতিপূরণ মেটাবে কেন্দ্র

ঋণ মেটানোর দায় নেই রাজ্যের, সীতারামনের চিঠিতে কাটল জট

নয়াদিল্লি, ১৬ অক্টোবর : জিএসটি ক্ষতিপূরণ মেটানো নিয়ে কেন্দ্র ও বিরোধী শাসিত রাজ্যগুলির বিরোধে ইতি টানতে সক্রিয় হল অর্থমন্ত্রক। বৃহস্পতিবার রাতে অর্থমন্ত্রী নির্মলা সীতারামন রাজ্যগুলিকে পাঠানো চিঠিতে জানিয়েছেন, জিএসটি ক্ষতিপূরণ বাবদ রাজ্যগুলির যে টাকা পাওনা রয়েছে, তা কেন্দ্রীয় সরকার ঋণ নিয়ে মিটিয়ে দেবে। এজন্য ১ লক্ষ ১০ হাজার কোটি টাকা ঋণ নেবে কেন্দ্র। সেই টাকা রাজ্যগুলিকে ঋণ হিসাবেই দেওয়া হবে। যদিও ঋণের আসল ও সুদ রাজ্য সরকারকে বহন করতে হবে না। জিএসটি ক্ষতিপূরণ আদায়ের জন্য যে সেস বসানো হয়েছে, সেখান থেকে এই ঋণের টাকা উঠে আসবে। এজন্য ২০২২-এর পরেও জিএসটি সেস আদায় বহাল রাখা হবে। প্রায় ৪ মাস ধরে জিএসটি ক্ষতিপূরণের টাকা মেটানো নিয়ে কেন্দ্রের সঙ্গে ১০টি বিরোধী শাসিত রাজ্যের টানাপোড়েন চলছে। লকডাউনের কারণে জিএসটি আদায় কম হওয়ায় কেন্দ্র জানিয়ে দেয়, তাদের পক্ষে রাজ্যগুলির প্রাপ্য ক্ষতিপূরণ মেটানো সম্ভব নয়। জিএসটি কাউন্সিলের বৈঠকে অর্থমন্ত্রকের প্রস্তাব ছিল, ক্ষতিপূরণ বাবদ পাওনা টাকা ধার নিক রাজ্যগুলি। এজন্য দুটি পরিকল্পনার রূপরেখা তৈরি করেছিল সীতারামনের দপ্তর। একটি হল, ক্ষতিপূরণের ২.৩৫ কোটি টাকা রাজ্যগুলি ধার নেবে। নয়তো তারা ১.১ লক্ষ টাকা ঋণ হিসাবে পাবে।

এই প্রস্তাবে বিরোধী শাসিত ১০টি রাজ্যের অর্থমন্ত্রীরা একসুরে জানিয়ে দেন, কেন্দ্র ক্ষতিপূরণের টাকা দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছিল। তাই ঋণ নিতে হলে কেন্দ্রকে নিতেই হবে। এই পরিস্থিতিতে সীতারামনের ঋণ নিয়ে ক্ষতিপূরণ মেটানোর কথা জানানো, পরোক্ষে রাজ্যগুলির দাবি মেনে নেওয়ার ইঙ্গিত বলে মনে করা হচ্ছে। কেন্দ্র-রাজ্য সম্পর্ক ও বাজেট ঘাটতি নিয়ে একাধিক প্রশ্ন তুললেও এদিন অর্থমন্ত্রকের ঋণ নেওয়ার সিদ্ধান্তকে সমর্থন জানিয়েছেন কংগ্রেস নেতা পি চিদম্বরম। পর্যবেক্ষকদের মতে, টাকা ধার নিয়ে রাজ্যগুলিকে ধার হিসাবে দেওয়ার সিদ্ধান্তে জিএসটি জট কাটার সম্ভাবনা জোরাল হল। কারণ, ধার হিসাবে ক্ষতিপূরণের টাকা পেলেও তার দায় রাজ্য সরকারগুলিকে বহন করতে হবে না। উলটে করোনা সংকটের কারণে তাদের ভাঁড়ারে যে টান পড়েছে, তা অনেকাংশে কাটিয়ে তোলা সম্ভব হবে। কেন্দ্রীয় সরকারের এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন কেরলের অর্থমন্ত্রী থমাস আইজ্যাক। পশ্চিমবঙ্গ সরকারের তরফে এব্যাপারে সরকারিভাবে মন্তব্য করা না হলেও নবান্নের একটি সূত্রের খবর, কেন্দ্রের প্রস্তাব মেনে নেওয়া হতে পারে। কেন্দ্রীয় অর্থমন্ত্রকের এক আধিকারিকের বক্তব্য, কেন্দ্র কম সুদে টাকা ধার নেবে। ক্ষতিপূরণ-সেস থেকেই আসল ও সুদ উঠে আসবে। এর ফলে একদিকে যেমন কেন্দ্রীয় রাজকোষে ঘাটতি বাড়বে না, তেমনই রাজ্যগুলিকে বাড়তি দেনার দায় বহন করতে হবে না। রাজ্যগুলি আলাদা আলাদা ঋণ নিলে সুদের পরিমাণও পৃথক হত। কেন্দ্র একলপ্তে পুরো টাকা ধার করায় ঋণের পরিমাণ একই থাকবে। রাজ্যগুলির একাংশের দাবি মেনে ঋণ নিতে রাজি হলেও কেন্দ্রকে কটাক্ষ করতে ছাড়েনি কংগ্রেস। প্রবীণ কংগ্রেস নেতা পি চিদম্বরম এক টুইটে লিখেছেন, সরকার প্রথম সঠিক সিদ্ধান্তটা নিয়েছে। প্রধানমন্ত্রী ও অর্থমন্ত্রীকে আমার অনুরোধ, তাঁরা যেন কেন্দ্র-রাজ্য পারস্পরিক বিশ্বাস পুনঃস্থাপন করতে দ্বিতীয় পদক্ষেপ গ্রহণ করেন। প্রাক্তন কেন্দ্রীয় অর্থমন্ত্রীর বক্তব্য, জিএসটি খাতে চলতি বছর ঠিক কত টাকা ঘাটতি হতে পারে সে সম্পর্কে কেন্দ্রের মূল্যায়ন স্বচ্ছ নয়। অর্থমন্ত্রীর চিঠিতে এর পরিমাণ ১ লক্ষ ৬ হাজার ৮৩০ কোটি টাকা বলে উল্লেখ করা হয়েছে। সরকার কীভাবে টাকা ধার নেবে বোঝা যাচ্ছে না। বাজেট ঘাটতি নিয়ন্ত্রণে রাখতে কেন্দ্রের পরিকল্পনা নিয়েও ধোঁয়াশা রয়েছে। জিএসটি ক্ষতিপূরণ ইস্যুতে রাজ্যগুলির ঋণ না নেওয়ার অবস্থান যুক্তিসঙ্গত বলে জানিয়েছেন চিদম্বরম।

দলিত কন্যাকে ধর্ষণ করে খুন

বরাবাঁকি (উত্তরপ্রদেশ), ১৬ অক্টোবর : হাথরসেরই যেন পুনরাবৃত্তি। ঘটনাস্থল সেই উত্তরপ্রদেশ। জেলা শুধু আলাদা। বরাবাঁকি জেলায় এক অষ্টাদশী দলিত কন্যাকে ধর্ষণের পর শ্বাসরোধ করে খুনের অভিযোগ উঠেছে। বুধবার সন্ধ্যায় ধানখেতে পাওয়া গিয়েছে নির্যাতিতার নিষ্প্রাণ দেহ। পুলিশ জানিয়েছে, কয়েকজনকে আটক করে জিজ্ঞাসাবাদ চলছে। দায়ের করা হয়েছে এফআইআর। নির্যাতিতার বাবা জানিয়েছেন, জমিতে ফসল কাটতে গিয়েছিল তাঁর মেয়ে। বাড়ি না ফেরায় খুঁজতে খেতে ঢুকে মেয়ের দেহ পড়ে থাকতে দেখে পুলিশে খবর দেয় পরিবার। নির্যাতিতার দুটি হাত বাঁধা ছিল। পরনের পোশাক ছিল ছিন্নভিন্ন। স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হলে তাকে মৃত ঘোষণা করেন চিকিৎসকরা। ময়নাতদন্তের রিপোর্টে ধর্ষণ প্রমাণিত হয়েছে বলে পুলিশ জানিয়েছে। দ্রুত অভিযুক্তদের গ্রেপ্তার করা হবে বলে উল্লেখ করে বরাবাঁকির এসপি অরবিন্দ চতুর্বেদী জানিয়েছেন, তদন্তের জন্য একাধিক টিম গড়া হয়েছে। কাজে লাগানো হয়েছে ডগ স্কোয়াডকে।

নীতীশকে কটাক্ষ তেজস্বীর

পাটনা, ১৬ অক্টোবর : শিল্পায়ন নিয়ে বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমারকে চড়া সুরে আক্রমণ করলেন আরজেডি নেতা তেজস্বী যাদব। শুক্রবার তিনি বলেন, 'নীতীশ কুমার ক্লান্ত হয়ে পড়েছেন। উনি আর রাজ্য চালাতে পারছেন না।' গত মঙ্গলবার বিহারে লগ্নির খরা সম্পর্কে সাফাই দিতে গিয়ে নীতীশ কুমার বলেছিলেন, 'আমরা বড় অঙ্কের লগ্নি চাই। কিন্তু ল্যান্ডলকড রাজ্য হওয়ায় বিহারে লগ্নির পথে বাধা তৈরি হচ্ছে।' তেজস্বী পালটা বলেন, 'বিহারের মুখ্যমন্ত্রী উন্নয়ন, বেকারত্ব, শিক্ষা, স্বাস্থ্য পরিকাঠামো এবং গরিবি নিয়ে কথা বলতে চান না। উনি মনে করেন, বিহার ল্যান্ডলকড রাজ্য বলে এখানে শিল্পায়ন হচ্ছে না। সে কারণে নতুন কর্মসংস্থান হচ্ছে না।'

করোনা সংক্রামিত গুলাম নবি আজাদ

নয়াদিল্লি, ১৬ অক্টোবর : নোভেল করোনা ভাইরাসে সংক্রামিত হলেন রাজ্যসভার বিরোধী দলনেতা গুলাম নবি আজাদ। নিজেই টুইট করে একথা জানিয়েছেন তিনি। আপাতত হোম কোয়ারান্টিনে রয়েছেন এই প্রবীণ কংগ্রেস নেতা। শুক্রবার টুইটারে তিনি লিখেছেন, 'আমার করোনা পরীক্ষার ফল পজিটিভ এসেছে। আমি হোম কোয়ারান্টিনে রয়েছি। গত কয়েকদিনে যাঁরা আমার সংস্পর্শে এসেছিলেন, তাঁদের প্রোটোকল মেনে চলতে অনুরোধ করা হচ্ছে। কংগ্রেসের পক্ষ থেকে তাঁর দ্রুত আরোগ্য কামনা করা হয়েছে। এর আগে সপা সুপ্রিমো মুলায়ম সিং যাদব এবং রাজ্যসভার চেয়ারম্যান বেঙ্কাইয়া নাইডু করোনায় সংক্রামিত হয়েছিলেন। করোনা সংক্রামিত হয়েছিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা, কেন্দ্রীয় সড়ক পরিবহণমন্ত্রী নীতিন গড়করি প্রমুখ।

সংক্রমণে এখনও শীর্ষে মহারাষ্ট্র

করোনা বাংলা ও কেরল নিয়ে উদ্বেগ বাড়ছে

নয়াদিল্লি, ১৬ অক্টোবর : করোনা সংক্রমণ কমার প্রবণতা শুক্রবারেও বজায় রইল। অক্টোবরের শুরু থেকে দেশে দৈনিক সংক্রমণ উল্লেখযোগ্যভাবে কমেছে। গত ৫ দিন সংক্রামিতের সংখ্যা ৭০ হাজারের নীচে রয়েছে। গত ১৩ দিন ধরে দৈনিক মৃত্যুর সংখ্যাও রয়েছে হাজারের নীচে। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রক জানিয়েছে, গত ২৪ ঘণ্টায় দেশে ৬৩,৩৭১ জন করোনা সংক্রামিতের খোঁজ মিলেছে। ফলে দেশে মোট সংক্রামিতের সংখ্যা এখন ৭৩,৭০,৪৬৮। আমেরিকা ও ব্রাজিলে এখন দৈনিক সংক্রমণ ভারতের চেয়ে কম। আমেরিকায় গত ২৪ ঘণ্টায় ওই সংখ্যা ছিল ৬৩,০০০, ব্রাজিলে ২৮,০০০। তবে গত কয়েকদিন ধরে আমেরিকায় দৈনিক সংক্রমণ আবার বাড়ছে। মার্কিন মুলুকে মোট সংক্রামিত শুক্রবার পর্যন্ত ৭৯,৭৯,০০০ জন। ব্রাজিলে ৫১,৬৯,০০০ জন। ভারতে সুস্থতার হার প্রতিদিন একটু একটু করে বাড়ছে। এখনও পর্যন্ত দেশে মোট ৬৪,৫৩,৭৭৯ জন করোনামুক্ত হয়েছেন। দেশের মোট সংক্রামিতের ৮৭.৫৬ শতাংশই সুস্থ। গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ৭০,৩৩৮ জন। অ্যাক্টিভ পজিটিভের সংখ্যা কমে হয়েছে ৮,০৪,৫২৮। সংক্রমণের হার কখনও বাড়ছে, কখনও কমছে। শুক্রবার আগের দিনের চেয়ে একটু বেড়ে হয়েছে ৬.১৬।

করোনা ভাইরাস ভারতে ইতিমধ্যে ১ লক্ষের বেশি মানুষের প্রাণ কেড়েছে। তবে দৈনিক মৃত্যুর সংখ্যা কমেছে। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রকের পরিসংখ্যান অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় ৮৯৫ জন মারা গিয়েছেন।

এই নিয়ে দেশে মৃত্যু হল ১,১২,১৬১ জনের। এর মধ্যে ৪১,১৯৬ জন মারা গিয়েছেন মহারাষ্ট্রে। তামিলনাড়ু ও কর্ণাটকে মোট মৃত্যু ১০ হাজার ছাড়িয়েছে। উত্তরপ্রদেশে সাড়ে ৬ হাজার ও অন্ধ্রপ্রদেশে ৬ হাজার ছাড়িয়ে বাড়ছে। দিল্লিতে ৬ হাজার ছুঁইছুঁই। পঞ্জাবে প্রায় ৪ হাজার ও গুজরাটে সাড়ে ৩ হাজার ছাড়িয়েছে। মধ্যপ্রদেশে আড়াই হাজার ছাড়িয়েছে। হরিয়ানা, জম্মু ও কাশ্মীর, ছত্তিশগড়, তেলেঙ্গানা, কেরল, ওড়িশাতে মোট মৃত্যু ১ হাজারের বেশি। সবচেয়ে বেশি সংক্রমণ মহারাষ্ট্রে। এখনও পর্যন্ত ১৫,৬৪,০০০ জন সংক্রামিত হয়েছেন রাজ্যটিতে। অন্ধ্রপ্রদেশ ৭,৭১,০০০ ও কর্ণাটকে ৭,৪৩,০০০ জন সংক্রামিত। তামিলনাড়ুতে সংখ্যাটা ৬,৭৪,০০০ এবং উত্তরপ্রদেশে ৪,৪৭,০০০। দিল্লিতে মোট সংক্রামিত ৩,২১,০০০ হাজার। আসন্ন শারদোৎসবে সতর্ক না হলে বাংলা সহ বেশ কয়েকটি রাজ্যের অবস্থা আরও শোচনীয় হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

করোনা তথ্য

২৪ ঘণ্টায় সংক্রামিত	৬৩,৩৭১
মোট সংক্রামিত	৭৩,৭০,৪৬৮
মোট অ্যাক্টিভ পজিটিভ	৮,০৪,৫২৮
সুস্থতার হার	৮৭.৫৬
২৪ ঘণ্টায় সুস্থ	৭০,৩৩৮
মোট সুস্থ	৬৪,৫৩,৭৭৯
২৪ ঘণ্টায় মৃত্যু	৮৯৫
মোট মৃত্যু	১,১২,১৬১

আইএমএফের রিপোর্ট উল্লেখ করে রাহুলের বিদ্রুপ

ভারতের থেকে ভালো করোনা সামলেছে পাকিস্তান

নয়াদিল্লি, ১৬ অক্টোবর : রাহুল গান্ধির অস্ত্র এবার আন্তর্জাতিক অর্থভাণ্ডার (আইএমএফ)-এর সমীক্ষা রিপোর্ট। ওই হাতিয়ার ব্যবহার করে কেন্দ্রকে ফের তিনি নিশানা করলেন। প্রাক্তন কংগ্রেস সভাপতির কটাক্ষ, থালা বাজিয়ে আর প্রদীপ জ্বালিয়ে সাধারণ মানুষকে ধোঁকা দেওয়া গেলেও মহামারি মোকাবিলা যে করা যায় না, সেটা এতদিনে ভারতের করোনা সংক্রমণের হালহকিকত থেকে প্রমাণ হয়ে গিয়েছে। রাহুল বলেন, করোনা মোকাবিলায় কেন্দ্রের নীতিতে করোনাকে তো ঠেকানো যায়ইনি, উপরন্তু দেশের অর্থনীতি ধসে পড়েছে। সত্যি বলতে কী, কোভিড মোকাবিলায় পাকিস্তান এবং আফগানিস্তানও ভারতের চেয়ে ভালো কাজ করেছে। আইএমএফ-এর ওই রিপোর্টে বলা হয়েছে, 'চলতি বছরে ভারতীয় অর্থনীতি ১০.৩ শতাংশ সংকুচিত হবে।' ওই রিপোর্টে দেওয়া পূর্বাভাস অনুযায়ী, করোনা পরিস্থিতির কারণে ধস নামতে চলেছে ভারতীয় অর্থনীতিতে। মাথাপিছু জাতীয় উৎপাদনে বাংলাদেশও ভারতের ওপরে থাকবে। টুইটারে আইএমএফ-এর রিপোর্টের সারণি ট্যাগ করে রাহুল বিদ্রুপ করেছেন এই বলে যে, বিজেপি সরকারের এটা আর একটা বড় সাফল্য। পাকিস্তান আর আফগানিস্তান ভারতের চেয়ে ভালোভাবে কোভিডের মোকাবিলা করেছে।

আইএমএফ-এর 'ওয়ার্ল্ড ইকনমিক আউটলুক' (ডব্লিউইও) রিপোর্টে জানানো হয়, করোনার অভিঘাতে ভারতে মোট জাতীয় উৎপাদন (জিডিপি)-এর হার কমতে পারে ১০.৩ শতাংশ পর্যন্ত, যা বাংলাদেশের থেকেও কমতে পারে। আইএমএফের রিপোর্ট অনুযায়ী, চিন তো বটেই, এমনকি মায়ানমার, শ্রীলঙ্কা, নেপাল ও ভুটান করোনা পরিস্থিতির আর্থিক ধাক্কা ভারতের চেয়ে ভালোভাবে সামলেছে। পাকিস্তান, আফগানিস্তান, বাংলাদেশ নরেন্দ্র মোদি সরকারের চেয়ে এগিয়ে রয়েছে। রাহুলের বক্তব্য, এটাই ছ'বছরের বিদ্বেষমূলক জাতীয়তাবাদের প্রাপ্তি।

> “
> করোনা মোকাবিলায় কেন্দ্রের নীতিতে করোনাকে তো ঠেকানো যায়ইনি, উপরন্তু দেশের অর্থনীতি ধসে পড়েছে। সত্যি বলতে কী, কোভিড মোকাবিলায় পাকিস্তান এবং আফগানিস্তানও ভারতের চেয়ে ভালো কাজ করেছে।
>
> – রাহুল গান্ধি

ভারত দূষণের জন্য দায়ী, দাবি ট্রাম্পের

ওয়াশিংটন, ১৬ অক্টোবর : কয়েকদিন আগে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দাবি করেছিলেন ভারত, চিনের মতো দেশগুলি করোনা সংক্রমণ সম্পর্কে ভুল তথ্য দিচ্ছে। ওই দেশগুলি সংক্রামিত ও মৃতের সংখ্যা কম করে দেখানোয় আমেরিকায় তীব্রতা বেশি বলে মনে হচ্ছে। ট্রাম্পের দাবি নিয়ে সোশ্যাল মিডিয়ায় বিস্তর বিতর্ক হলেও দিল্লি বা বেজিংয়ের তরফে সরকারিভাবে কোনও মন্তব্য করা হয়নি। এশিয়ার দুই যুযুধান প্রতিবেশী দেশ মার্কিন প্রেসিডেন্টের বক্তব্যকে উপেক্ষা করেছিল। বৃহস্পতিবার ফের বিশ্বব্যাপী দূষণের জন্য ভারত, চিন ও রাশিয়াকে দায়ী করেন মার্কিন প্রেসিডেন্ট। ক্যারোলিনা রাজ্যে নির্বাচনি প্রচারে ট্রাম্প বলেন, 'আমি ক্ষমতায় আসার পর আমেরিকা নিজের প্রাকৃতিক সম্পদকে রক্ষা করার শক্তি ও স্বাধীনতা অর্জন করতে পেরেছে। আমাদের কাছে ওজোন স্তর, পরিবেশ সুরক্ষা সংক্রান্ত বহু তথ্য রয়েছে। দেখা যাচ্ছে ভারত, চিন, রাশিয়ার মতো দেশের জন্য বিশ্বে দূষণের মাত্রা বাড়ছে। ওইসব দেশ বায়ুদূষণের জন্য দায়ী।' ২০১৭ সালের জুনে প্যারিস জলবায়ু চুক্তি থেকে সরে এসেছিল আমেরিকা। তখন সদ্য নির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সেই সিদ্ধান্ত নিয়ে বিশ্বে সমালোচনার ঝড় উঠেছিল। ট্রাম্প তখন অভিযোগ করেছিলেন, প্যারিস চুক্তি আমেরিকার স্বার্থবিরোধী। এর ফলে ভারত ও চিনের মতো দেশ লাভবান হবে। মার্কিন শিল্প সংস্থাগুলির ক্ষতির পরিমাণ বাড়বে। সমর্থকদের উদ্দেশে তিনি বলেন, 'আমি পরিষ্কার বাতাস পছন্দ করি। আপনারা ভারত, চিন ও রাশিয়ার মানচিত্রের দিকে তাকান, দেখতে পারেন সেখানে দূষণের মাত্রা কত বেশি।'

শিশুর সাক্ষ্যে গ্রেপ্তার বাবা

শিলচর, ১৬ অক্টোবর : নিজের স্ত্রীকে খুন করে আত্মহত্যার রূপ দিতে চেয়েছিল স্বামী। কিন্তু মায়ের খুনি হিসাবে বাবাকে ধরিয়ে দিল তিন বছরের মেয়ে। শিশুর বয়ানের ওপর ভিত্তি করে অভিযুক্তের ভাইকেও গ্রেপ্তার করেছে পুলিশ। অসমের করিমগঞ্জ শহরের শিববাড়ি রোড এলাকার ঘটনা। বীথি রায় নামে ওই মহিলাকে খুনের অভিযোগে অনুপম রায় ও অরূপ রায় নামে দুজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। করিমগঞ্জ থানার পুলিশ জানিয়েছে, প্রায় সাত বছর আগে পাথারকান্দির বাসিন্দা বীথির সঙ্গে অনুপমের বিয়ে হয়। অভিযোগ, বিয়ের পর থেকেই স্ত্রীর ওপর অত্যাচার চালাত অনুপম। বুধবার রাতে বীথির মৃত্যু হয়। অনুপম পুলিশকে জানায়, বীথি আত্মহত্যা করেছে। কিন্তু অনুপমের মেয়ের সঙ্গে কথা বলতেই অত্যাচারের কথা জানতে পারে পুলিশ। কীভাবে তার মাকে বাবা ও কাকা মিলে মারধর করেছে, এমনকি তাকেও মেরেছে, তা জানিয়ে দেয় শিশুটি। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

মেয়েদের বিয়ের বয়স নিয়ে শীঘ্র সিদ্ধান্ত

নয়াদিল্লি, ১৬ অক্টোবর : মেয়েদের বিয়ের ন্যূনতম বয়স নির্ধারণে খুব তাড়াতাড়ি সিদ্ধান্ত নেবে কেন্দ্র। শুক্রবার খাদ্য ও কৃষি সংস্থার (এফএও) প্ল্যাটিনাম জয়ন্তী উপলক্ষ্যে এক ভিডিও কনফারেন্সে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জানিয়েছেন, মেয়েদের বিয়ের ন্যূনতম বয়স ঠিক করার জন্য গঠিত কমিটির রিপোর্টের অপেক্ষায় সরকার রয়েছে। তিনি বলেন, 'আমি প্রত্যেককে আশ্বস্ত করে বলছি, রিপোর্ট পাওয়ার পর সরকার চূড়ান্ত সিদ্ধান্ত নেবে।' চলতি বছরের স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে লালকেল্লা থেকে ভাষণে প্রধানমন্ত্রী জানিয়েছিলেন, সরকার মেয়েদের বিয়ের ন্যূনতম বয়স নিয়ে চিন্তাভাবনা শুরু করেছে। বর্তমানে মেয়েদের বিয়ের ন্যূনতম বয়স ১৮, ছেলেদের ২১। বিষয়টি নিয়ে দেশের বিভিন্ন প্রান্ত থেকে বহু মহিলা তাঁকে চিঠি দিয়েছেন বলে জানিয়ে মোদি বলেন, 'এই প্রথম দেশে শিক্ষাক্ষেত্রে মেয়েদের অন্তর্ভুক্তির অনুপাত ছেলেদের চেয়ে বেড়েছে।' গত ছ'বছরে সরকারের নেওয়া বিভিন্ন পদক্ষেপের ফলেই এটা সম্ভব হয়েছে বলে উল্লেখ করেছেন তিনি। প্রধানমন্ত্রী জানিয়েছেন, জাতীয় পুষ্টি মিশন গঠন হয়েছে। স্বচ্ছ ভারত প্রকল্পে দেশে ১১ কোটি শৌচাগার নির্মিত হয়েছে। মাত্র ১ টাকায় স্যানিটারি প্যাডের ব্যবস্থা করা হয়েছে গরিব মেয়েদের জন্য। এই সমস্ত ব্যবস্থার ফলশ্রুতি শিক্ষাঙ্গনে ছেলেদের তুলনায় বেশি সংখ্যায় মেয়েদের যুক্ত হওয়া।

বাংলাদেশে চিনা বিমান

নিজস্ব প্রতিনিধি, ঢাকা, ১৬ অক্টোবর : বায়ুসেনার প্রশিক্ষণের জন্য চিন থেকে কেনা সাতটি কে-৮ডব্লিউ বিমান বাংলাদেশে পৌঁছেছে। বৃহস্পতিবার চট্টগ্রামের জহুরুল হক বিমানঘাঁটিতে প্রশিক্ষণ বিমানগুলি অবতরণ করে। বাংলাদেশ বিমানবাহিনীর পাইলটরা চিনের দেহং মাংসি থেকে বিমানগুলিকে উড়িয়ে আনেন। চিন থেকে বিমানগুলিকে উড়িয়ে আনার দায়িত্বে ছিলেন গ্রুপ ক্যাপ্টেন একেএম আব্দুর রাজ্জাক। জহুরুল হক ঘাঁটিতে অবতরণের পর প্রচলিত কায়দায় বিমানগুলিকে অভ্যর্থনা জানানো হয়। এসময় বিমানবাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল মাসিহুজ্জামান সেরনিয়াবাত, বিমান সদরের প্রিন্সিপাল স্টাফ অফিসারসহ অন্য উচ্চপদস্থ কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

হিন্দুদের কাফের বলে ঘৃণা করতে শেখাচ্ছে পাক স্কুল

রাষ্ট্রসংঘে অভিযোগ বালোচ নেতার

রাষ্ট্রসংঘ, ১৬ অক্টোবর : বালোচিস্তানের অধিবাসীদের অধিকারের দাবিতে রাষ্ট্রসংঘের এক অনুষ্ঠানে পাক সরকারের কাজকর্ম নিয়ে সমালোচনার ঝড় তুলে বালোচ নেতা মুনির মেংগল বলেন, পাকিস্তানের স্কুলে হিন্দুদের কাফের ও ইহুদিদের ইসলামের শত্রু বলে শেখানো হয়। পাকিস্তানের সেনা স্কুল ক্যাডেট কলেজের প্রাক্তনী মুনির জানিয়েছেন, গুলি ও বোমাকে শ্রদ্ধা করা শেখানো হয় স্কুলে। হিন্দু মহিলাদের উদ্দেশে সেসব ব্যবহারের শিক্ষা দেন শিক্ষকরা। সব স্কুল, মাদ্রাসায় এখনও এসবই শেখানো হচ্ছে বলে মন্তব্য করেন বালোচ নেতা। তাঁর অভিযোগ, পাক সরকার ও সেনাবাহিনী বালোচিস্তানে মানবাধিকার লঙ্ঘন করছে। পাকিস্তানিদের শিরায় শিরায় হিন্দুবিদ্বেষ সরকারের তরফেই ঢুকিয়ে দেওয়া হচ্ছে বলে উল্লেখ করে এই বালোচ নেতা জানান, হিন্দু বা ইহুদিদের বিরোধিতা না করলে পাকিস্তানে তাকে রাষ্ট্রদ্রোহী তথা ধর্মদ্রোহী বলে চিহ্নিত করা হয়। এর শাস্তি মৃত্যুদণ্ড। তাঁর অভিযোগ, পাকিস্তানে স্কুলের পাঠ্যক্রমের একটি অংশই হল হিন্দু বিরোধিতা। ধর্মান্ধ গোষ্ঠী, জঙ্গি সংগঠনগুলি দেশের সম্পদ বলেও পাঠ্যক্রমে উল্লেখ রয়েছে। বালোচ সহ সমস্ত সংখ্যালঘু সম্প্রদায়ের মূল পরিচয় তথা অস্তিত্ব ধারাবাহিকভাবে মুছে ফেলার তৎপরতা ইমরান খান সরকার কীভাবে করছে, তার ব্যাখ্যাও দিয়েছেন মুনির। তাঁর অভিযোগ, স্থানীয় অধিবাসীদের সম্মতি ছাড়াই চিন-পাকিস্তান অর্থনৈতিক করিডর (সিপিইসি) রূপায়িত হচ্ছে। ফলে সংশ্লিষ্ট অঞ্চলে স্থানীয়রা উৎখাত হচ্ছেন। বালোচিস্তানের গদর বন্দর সংলগ্ন অঞ্চলে জনসংখ্যা ৮০ হাজার। সিপিইসি প্রকল্প রূপায়িত হলে এই অঞ্চলে অন্তত পক্ষে পাঁচ লক্ষ চিনের নাগরিক বসবাস করবেন।

আজকের দিনটি

শ্রীদেবাচার্য্য
৯৪৩৪৩১৭৩৯১

মেষ : দাম্পত্যে সামান্য সমস্যা হতে পারে। দীর্ঘদিন পরে সাক্ষাৎ পাবেন প্রিয় ব্যক্তির। বৃষ : চিকিৎসকগণ সম্মানিত হতে পারেন। ব্যবসায় বাড়তি লগ্নি না করলেই ভালো। মিথুন : সন্তানের উল্লেখযোগ্য উন্নতিতে খুশি হবেন। ব্যবসায় জটিলতা। সম্পত্তি বিবাদে আইনি ঝামেলা। অসৎ ব্যক্তির প্রলোভনে পড়তে পারেন। কর্কট : আজ ব্যবসায় নতুন সুযোগ পাবেন। গৃহ ও জমি ক্রয়ের সম্ভাবনা। অতি আত্মবিশ্বাস ক্ষতি করবে। রাজনীতির ব্যক্তিগণ নতুন দায়িত্ব পাবেন। সিংহ : কর্মক্ষেত্রে জনপ্রিয়তা বৃদ্ধি। কর্তাব্যক্তির সহায়তায় নতুন সুযোগ। সন্তানের শরীর নিয়ে দুশ্চিন্তায় থাকবেন। কন্যা : পৈতৃক সূত্রে সম্পদ লাভ। সমালোচনার প্রতিক্রিয়া দেবেন না। প্রেমের সঙ্গীকে অবিশ্বাস করবেন না। তুলা : অংশীদারি ব্যবসায় সফলতা আসবে। বাবার স্বাস্থ্য নিয়ে উদ্বেগ। শ্লেষ্মাঘটিত অসুস্থতা বাড়বে। বিদেশে বাসরত সন্তানের জন্যে অযথা চিন্তা। বৃশ্চিক : সামান্য কারণে সংসারে অশান্তি। সহকর্মীদের সঙ্গে বিবাদে জড়িয়ে পড়বেন। ধনু : সম্পত্তি নিয়ে চলা মামলার নিষ্পত্তি। ক্রীড়াক্ষেত্রের ব্যক্তি হলে নতুন সুযোগ আসবে। মকর : ব্যবসার কোনও পরিকল্পনা স্থগিত রাখতে হবে। মায়ের রোগমুক্তিতে স্বস্তি। আবেগে অপব্যয়। অর্থ হারাতে পারে। কুম্ভ : কর্মক্ষেত্রে নতুন দায়িত্ব পেয়ে বিদেশে যেতে হতে পারে। মূল্যবান দ্রব্য উপহার পেতে পারেন। মীন : রত্ন ও বস্ত্র ব্যবসায়ীরা বাড়তি লগ্নি করতে পারেন। আজ কোনও ক্ষমতাবান ব্যক্তির সহায়তা পাবেন। পৈতৃক সম্পত্তি নিয়ে বিরোধ মিটবে।

দিনপঞ্জি

আজ শনিবার ১৭ অক্টোবর ২০২০, বাংলা ৩০ আশ্বিন, ১৪২৭। (ভাঃতাং ২৫ আশ্বিন), মুং ২৯ শফর। সূর্যোদয় উ ঘ ৫।৩৭।১৪। সূর্যাস্ত অ ঘ ৫।৬।৫৫। প্রতিপদ তিথি দং ৪৪। ২৪। ২৩ রাত্রি ঘ ১১। ২২। ৫৯ চিত্রানক্ষত্র দং ২১। ৩৯। ২৩ ঘ ২। ১৬। ৫৯ বিকুম্ভযোগ দং ৪৮।৪৮। ৩১ রাত্রি ঘ ২। ৮। ৩৮ কিস্তুঘ্নকরণ ঘ ১২। ৩৫। ৪৩ গতে ববকরণ রাত্রি ঘ ১১। ২২। ৫৯ পরে বালবকরণ। পূর্বদিনে উল্লিখিত রাশির চন্দ্রশুদ্ধি। পূর্বদিনের উল্লিখিত নক্ষত্রের তারাশুদ্ধি, ঘ ২। ১৬। ৫৯ গতে ১। ৩। ৫। ৭। ৮। ১০। ১২। ১৪। ১৬। ১৭। ১৯। ২১। ২৩। ২৫। ২৬ নক্ষত্রের তারাশুদ্ধি। জন্মে তুলারাশি ক্ষত্রিয়বর্ণ মতান্তরে শূদ্রবর্ণ দেবারিগণ অষ্টোত্তরী বুধের ও বিংশোত্তরী মঙ্গলের দশা, ঘ ২। ১৬। ৫৯ গতে দেবগণ বিংশোত্তরী রাহুর দশা। মৃতে দোষ- একপাদ, রাত্রি ঘ ১১। ২২। ৫৯ গতে দ্বিপাদদোষ। যোগিনী পূর্বদিকে, রাত্রি ঘ ১১। ২২। ৫৯ গতে উত্তরে। যাত্রা- নাস্তি সংক্রান্তিদোষ তিথ্যমৃতযোগমাত্র। শুভকর্ম- দীক্ষা। বিবিধ- রাত্রি ঘ ১১। ২২। ৫৯ মধ্যে কুষ্মাণ্ড পরে বৃহতী ভক্ষণ নিষেধ। কালবেলা – ঘ ৭। ৩। ২৭ মধ্যে ও ৩। ৪০। ৪৩ গতে ৫। ৬। ৫৫ মধ্যে। বারবেলা ঘ ১২। ৪৮। ১৭ গতে ২। ১৪। ৩০ মধ্যে। কালরাত্রি ঘ ৬। ৪০। ৪২ মধ্যে ও ৪।৩। ২৬ গতে ৫। ৩৭। ৪৩ মধ্যে। কুলিকবেলা ঘ ৬। ২৩। ১৩ গতে ৭। ৯। ১২ মধ্যে। মাহেন্দ্রযোগ- রাত্রি ঘ ২।১৭ গতে ৩। ৭ মধ্যে। অমৃতযোগ – দিবা ঘ ৬। ২৩ মধ্যে ও ৭। ৯গতে ৯। ২৭ মধ্যে ও ১১। ৪৬ গতে ২। ৫০ মধ্যে ও ৩।৩৭ গতে ৫।৭ মধ্যে। রাত্রি ঘ ১২। ৩৭ গতে ২। ১৭ মধ্যে।